

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.০১৩.০০.০০.০১৫.২০১৪-১০১


তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২২
২৮ ফেব্রুয়ারি ২০১৬

প্রজ্ঞাপন

সেবা পরিদপ্তরের আওতাধীন আধুনিক সদর হাসপাতাল, নড়াইল এর সেবা তত্ত্বাবধায়ক (নিজ বেতনে চঃ দাঃ), বেগম স্নেহলতা রায়কে গণ কর্মচারি (অবসর) আইন, ১৯৭৪ এর ৯(১) ধারা এবং গণ কর্মচারি (অবসর) বিধিমালা, ১৯৭৫ এর অনুচ্ছেদ ৯ অনুসরণে ০১-০১-২০১৬ খ্রিঃ তারিখ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের অনুমতি প্রদান করা হলো।

- ২। একই সাথে ০২-০১-২০১৬ খ্রিঃ তারিখে থেকে ১২ মাসের পিআরএল এবং প্রাপ্যতা সাপেক্ষে ১৮ মাসের মূল বেতনের সম পরিমান অর্থ ল্যাম্প গ্রান্ট হিসাবে মঞ্জুর করা হলো।
- ৩। তিনি প্রচলিত বিধি-বিধান অনুযায়ী অবসর এবং পিআরএল কালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০১৩.০০.০০.০১৫.২০১৪-১০১ (৯)

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২২
২৮ ফেব্রুয়ারি ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। পরিচালক, সেবা পরিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
বেগম স্নেহলতা রায় এর মূল চাকুরী বহি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সংগে ফেরত দেওয়া হলো।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, নড়াইল।
- ৪। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নড়াইল।
- ৭। বেগম স্নেহলতা রায়, সেবা তত্ত্বাবধায়ক (নিজ বেতনে চঃ দাঃ), আধুনিক সদর হাসপাতাল, নড়াইল।
- ৮। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব